তারিখ 18 JUL 1998
পৃষ্ঠা ৭ কলাম ২

দৈনিক সংবাদ

ডিগ্রি (পাস) পরীক্ষার ফলাফল বিশ্লেষণ

# ৩৪২টি কলেজ থেকে কেউ পাস করতে পারেনি ❑ এর মধ্যে সরকারি কলেজই ৬৪টি

**নূরুর রহমান** ।। সদ্য প্রকাশিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি (পাস) পরীক্ষার ফলাফলে দেখা গেছে ৩৪২টি কলেজ থেকে কেউ পাস করতে পারেনি। এর মধ্যে ৬৪টি সরকারি কলেজও রয়েছে। এসব কলেজের ফলাফলে অংশগ্রহণকারীদের সংখ্যা দিয়ে লেখা রয়েছে, প্রথম বিভাগ নাই, দ্বিতীয় বিভাগ নাই, তৃতীয় বিভাগ নাই। এর মধ্যে রেকর্ড করেছে রাজশাহীর কৃষ্ণগোবিন্দপুর ডিগ্রি কলেজ, নবাবগঞ্জ। এই কলেজ থেকে বিএ (পাস) পরীক্ষায় ১৫০ জন অংশ নিয়ে কেউ পাস করতে পারেনি।

বিএ (পাস) পরীক্ষায় যেসব সরকারি কলেজ থেকে কেউ পাস করেনি সেগুলো হচ্ছে ঃ মেহেরপুর সরকারি মহিলা কলেজ, নওগাঁর নাজিরপুর সরকারি ডিগ্রি কলেজ, শান্তাহার সরকারি কলেজ, কুড়িগ্রামের উলিছর সরকারি কলেজ, নীলফামারীর চিলাহাটি সরকারি কলেজ, রংপুরের সরকারি বেগম রোকেয়া কলেজ, দিনাজপুর সরকারি কলেজ, ফরিদপুরের বোয়ালমারী সরকারি কলেজ, ঢাকার সরকারি সোহরাওয়ার্দী কলেজ, ইডেন সরকারি কলেজ, ঢাকা কলেজ ঢাকা কলেজ, বেগম বদরুন্নেসা মহিলা কলেজ, মাদারীপুরের সরকারি বরহামগঞ্জ কলেজ, কুমিল্লার কুমিল্লা সরকারি কলেজ ও চৌদ্দগ্রাম সরকারি কলেজ, চাঁদপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুরের আলেকজান্ডার সরকারি কলেজ, ফেনীর ফুলগাজী সরকারি কলেজ ও বান্দরবান সরকারি কলেজ।

যেসব সরকারি কলেজ থেকে বিকম-য়ে কেউ পাস করেনি সেগুলো হচ্ছে ঃ ঠাকুরগাঁওয়ের দর্শনা সরকারি কলেজ, নাটোরের সাদেকপুর সরকারি কলেজ, রাজশাহী সরকারি সিটি কলেজ, রংপুরের পলাশবাড়ি সরকারি কলেজ, দিনাজপুরের পীরগঞ্জ সরকারি কলেজ, পঞ্চগড়ের মকবুলার রহমান সরকারি কলেজ, ফরিদপুরের সরকারি ইয়াসিন কলেজ ও চরভদ্রাসন সরকারি কলেজ, ঢাকার সরকারি জগন্নাথ কলেজ, বরিশালের সরকারি ফজলুল হক কলেজ, পিরোজপুরের মঠবাড়িয়া সরকারি কলেজ, ঝালকাঠির সরকারি শাহবাজপুর কলেজ, বরগুনা সরকারি কলেজ, কুমিল্লা সরকারি কলেজ, লক্ষ্মীপুরের আলেকজান্ডার সরকারি কলেজ ও সুনামগঞ্জ সরকারি কলেজ।

বিএসএস পরীক্ষায় যেসব সরকারি কলেজ থেকে একজনও পাস করতে পারেনি সেগুলো হলো ঃ ঢাকার সরকারি সঙ্গীত মহাবিদ্যালয, পাবনার সরকারি শহীদ বুলবুল কলেজ, সিরাজগঞ্জের ইসলামিয়া সরকারি কলেজ ও সরকারি রশিদাজ্জোহা কলেজ, নাটোরের নাজিরপুর সরকারি ডিগ্রি কলেজ, চাঁপাইনবাবগঞ্জের নবাবগঞ্জ সরকারি কলেজ, বগুড়ার সরকারি মুজিবুর রহমান মহিলা কলেজ, নীলফামারীর চিলাহাটি সরকারি কলেজ, গাইবান্ধা সরকারি কলেজ, পঞ্চগড়ের মকবুলার রহমান সরকারি কলেজ, ময়মনসিংহের গফরগাঁও সরকারি কলেজ, টাঙ্গাইলের সরকারি সাদাত কলেজ, ঢাকার ইডেন কলেজ ও সরকারি জগন্নাথ কলেজ, বরিশালের সরকারি ফজলুল হক কলেজ, পিরোজপুরের সরকারি সোহরাওয়ার্দী কলেজ ও সরকারি স্বরূপকাঠি কলেজ ও গাজিপুরের মঠবাড়িয়া সরকারি কলেজ।

ফলাফলের এই চিত্র দেখে সরকারি কলেজগুলোতে কি রকম লেখাপড়া হচ্ছে তার একটি ধারণা পাওয়া যায়।